# C. U.

# BENGALI (HONS.) QUESTION PAPERS (PART – I & II) — 2011

## বাংলা—সাম্মানিক

## Part – I

## প্রথম পত্র — ২০১১

## পূর্ণমান — ১০০

(৫, ১০ এবং ১৫ মানের উত্তর যথাক্রমে অনধিক ১০০, ২০০ এবং ৩০০ শব্দের মধ্যে লিখতে হবে)

### (বাংলা সাহিত্যের ইতিহাস)

১। (ক) চর্যাপদের আবিষ্কর্তা, প্রকাশকাল ও প্রকাশনা-সংস্থার নাম উল্লেখ করো। চর্যাপদের সাহিত্যমূল্য বিচার করো। চর্যার ভাষাকে 'সান্ধ্যভাষা' বলার কারণ নির্দেশ করো। ৩+৮+৪

অথবা, (খ) মঙ্গলকাব্য বলতে কী বোঝায়? অন্যান্য মঙ্গলকাব্য-শাখার সঙ্গে ধর্মমঙ্গল কাব্যের পার্থক্য নির্দেশ করো। ধর্মমঙ্গল কাব্যের প্রতিনিধিস্থানীয় একজন কবির কবিকর্মের পরিচয় দাও। ৪+৪+৭

২। যে-কোন *দুটি* গ্রন্থের সংক্ষিপ্ত পরিচয় দাও ঃ ৫×২

শ্রীকৃষ্ণকীর্তন, শ্রীরাম পাঁচালী, শিবায়ন, ইউসুফ-জোলেখা, চৈতন্যভাগবত।

৩। (ক) বাংলা গদ্যের বিকাশে ফোর্ট উইলিয়াম কলেজের গুরুত্ব বিচার করো। ১৫

অথবা, (খ) রবীন্দ্রোত্তর বাংলা কবিতায় জীবনানন্দ দাশ অথবা সুভাষ মুখোপাধ্যায়ের কবিপ্রতিভার পরিচয় দাও।

৪। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোন *দুটি*) ঃ ৫২

হুতোম প্যাঁচার নক্সা, সাধের আসন, নৈবেদ্য, যতীন্দ্রনাথ সেনগুপ্ত, কল্লোল।

৫। (ক) বাংলা নাট্যসাহিত্যে বিজন ভট্টাচার্যের নাট্য কৃতিত্ব বিচার করো। ১৫

অথবা, (খ) বাংলা উপন্যাস সাহিত্যে তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায়ের কৃতিত্ব সম্পর্কে আলোচনা করো। ১৫

৬। সংক্ষিপ্ত টীকা লেখো (যে-কোন *দুটি* ) ঃ ৫×২

কৃষ্ণকুমারী, অঙ্গার, কলাপকুন্ডলা, গোরা, সতীনাথ ভাদুড়ী।

### (বাংলা ভাষার ইতিহাস)

৭। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষা থেকে বাংলা ভাষার উদ্ভবের ইতিহাস বিবৃত করো। ১৫

অথবা, (খ) বাংলা ব্যঞ্জনবর্ণগুলির উচ্চারণস্থান ও উচ্চারণের প্রকৃতি সম্বন্ধে আলোচনা কর। ১৫

৮। (ক) উপযুক্ত উদাহরণসহ সংজ্ঞা নির্দেশ করো (যে-কোনো *দুটি*) ঃ ৪×২

স্বরসংগতি, মধ্য স্বরাগম, লোকনিরুক্তি, মূর্ধন্যীভবন, শব্দদ্বৈত।

অথবা, (খ) যে-কোনো *পাঁচটি* শব্দের ভাষাতাত্ত্বিক টীকা রচনা করো ঃ ২×৫

আঠারো, আনারস, কানু, গাঁ, গিন্নি, জাঁদরেল, পুঁথি, গবাক্ষ, পিসি, মাছ।